ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc_bd@yahoo.com
ওয়েব : www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩ শেখ রাসেল পদক-২০২২

## বুলিং ও র‍্যাগিং সম্পর্কিত তথ্যাবলী

### বুলিং ও র‍্যাগিং কী?

কাউকে মানসিকভাবে আঘাত করা কিংবা হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে মৌখিক বা শারীরিক যে কোনো ধরনের আচরনই বুলিং ও র‍্যাগিং বলে বিবেচিত হবে।

### শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং সাধারণত পাঁচভাবে হয়ে থাকে

**১। মৌখিক**

কাউকে উদ্দেশ্য করে মানহানিকর/অপমানজনক এমন কিছু বলা বা লেখা যা খারাপ কোনো কিছুর প্রতি ইঙ্গিত বহন করে ইত্যাদি। যেমন: উপহাস করা, খারাপ নামে সম্বোধন করা বা ডাকা, অশালীন শব্দ ব্যবহার করা, গালিগালাজ করা, শিস দেওয়া, হুমকি দেওয়া, শারীরিক অসমর্থতা নিয়ে উপহাস করা বা অনুরূপ কার্যাদি।

**২। শারীরিক**

কাউকে কোনো কিছু দিয়ে আঘাত করা, চড়-থাপ্পড়, শরীরে পানি বা রং ঢেলে দেওয়া, লাথি মারা, ধাক্কা মারা, খোঁচা দেওয়া, থুথু মারা, বেঁধে রাখা, কোনো বিশেষ ভঙ্গিতে দাঁড়িয়ে/বসে বা বিশেষ অবস্থায় থাকতে নির্দেশ দেওয়া অথবা কোনো কিছু করতে বা না করতে বাধ্য করা, কারো কোনো জিনিসপত্র জোর করে নিয়ে যাওয়া বা ভেঙ্গে ফেলা, মুখ বা হাত দিয়ে অশালীন বা অসৌজন্যমুলক অঙ্গভঙ্গি করা বা অনুরূপ কার্যাদি।

**৩। সামাজিক**

কারো সম্পর্কে গুজব ছড়ানো, প্রকাশ্যে কাউকে অপমান করা, ধর্ম, বর্ণ, জাতি, গোত্র, পেশা, গায়ের রং, অঞ্চল বা জাত তুলে কোনো কথা বলা বা অনুরূপ কার্যাদি।

**৪। সাইবার**

কারো সম্পর্কে সামাজিক যোগাযোগ মাধ্যমে কটু কিছু লেখা বা ছবি বা অশালীন ব্যঙ্গাত্মক কিছু পোস্ট করে তাকে অপদস্থ করা বা অনুরূপ কার্যাদি।

**৫। সেক্সুয়াল**

ইচ্ছাকৃতভাবে শরীরের বিভিন্ন স্থানে আপত্তিজনক স্পর্শ করা বা করার চেষ্টা করা, ইঙ্গিতবাহী চিহ্ন প্রদর্শন করা, আঁচড় দেওয়া, জামা-কাপড় খুলে নেওয়া বা খুলতে বাধ্য করা বা অনুরূপ কার্যাদি।

CamScanner

ফোন ০২৫৮১৫৩৩৭৭৪
ফ্যাক্স ৫৮১৫২৫৮২
ই-মেইল drmc_bd@yahoo.com
ওয়েব www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩



শেখ রাসেল পদক-২০২২

## বুলিং ও র‍্যাগিং এর পরিণতি

১। যেসব শিক্ষার্থী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বুলিং ও র‍্যাগিং এর শিকার হয় তারা ভীতসন্ত্রস্ততা, হীনমন্যতা ও নিরাপত্তাহীনতায় ভোগে।

২। বুলিং ও র‍্যাগিং এর শিকার হওয়া শিক্ষার্থীর সফলতা অর্জনের ক্ষেত্রে দীর্ঘমেয়াদী নেতিবাচক প্রভাব পড়ে। ফলে সমাজে গঠনমূলক নেতৃত্ব ও সুনাগরিক হওয়ার অভাব পরিলক্ষিত হয়।

৩। বুলিং ও র‍্যাগিং এ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে প্রচলিত আইন/বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে ফৌজদারী আইন প্রয়োগ করা হবে।

## বুলিং ও র‍্যাগিং প্রতিরোধে পদক্ষেপ

শিক্ষার্থীরা বুলিং ও র‍্যাগিং এর সাথে সম্পৃক্ত হলে কলেজের ওয়েবসাইট থেকে অভিযোগনামা ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে কলেজের জনসংযোগ কর্মকর্তা (মোবাইল নম্বর: ০১৯৭০১০৮২৫৮ ও ইমেইল অ্যাড্রেস: prodrmc21@gmail.com) এর নিকট জমা দিবে অথবা জনসংযোগ কর্মকর্তার নিকট হতে অভিযোগনামা সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে জমা দিবে। অভিযোগের প্রেক্ষিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

CamScanner

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc.bd@yahoo.com
ওয়েব : www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ)-২০২২ও২০২৩



শেখ রাসেল পদক

## বুলিং ও র‍্যাগিং সম্পর্কিত অভিযোগনামা

(এই ফরমের সকল তথ্যের গোপনীয়তা রক্ষা করা হবে)

অভিযোগকারী শিক্ষার্থীর নাম :..................................................................কলেজ নম্বর :..............................

শ্রেণি :..............................শাখা :..............................বিভাগ :..............................শিফ্‌ট :..........................

অভিযোগকারী শিক্ষার্থীর অভিভাবক পরিচিতি :..............................................................................................

পিতার নাম :..................................................................................পেশা :.............................................

যোগাযোগের ঠিকানা :.......................................................................................................................

ফোন নম্বর :.........................................

মাতার নাম :..................................................................................পেশা :.............................................

যোগাযোগের ঠিকানা :.......................................................................................................................

ফোন নম্বর :.........................................

যার বিরুদ্ধে অভিযোগ :.......................................................................................................................

কী ঘটেছে ?

.......................................................................................................................................................

কীভাবে ঘটেছে ?

.......................................................................................................................................................

কোথায় ঘটেছে ?

.......................................................................................................................................................

কখন ঘটেছে ?

.......................................................................................................................................................

কারণ :

.......................................................................................................................................................

অন্যান্য :.......................................................................................................................................

প্রত্যক্ষদর্শীর নাম : ১)....................................................... ২) .......................................................

তারিখ :.........................................

অভিযোগকারী শিক্ষার্থী / অভিভাবকের স্বাক্ষর

(অভিযোগ বড় হলে প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করুন)

CamScanner